ইত্তেফাক

তারিখ ... 18-2-85 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 2 ...

0 033

# বি, এ, পরীক্ষায় পাসের হার মাত্র ১৭

( ইত্তেফাক রিপোর্ট )

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ১৯৮৩ সালের বি, এ, পরীক্ষায় পাসের হার মাত্র শতকরা ১৭ জন। পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৮ হাজার ৯ শত ২৫ জন। প্রথম বিভাগে কেহই উত্তীর্ণ হইতে পারে নাই। দ্বিতীয় বিভাগে ২শত ৮৮ জন এবং তৃতীয় বিভাগে ১ হাজার ২শত ১০ জন উত্তীর্ণ হইয়াছে। ১৬৮টি ডিগ্রী কলেজের মধ্যে ৫৮টি কলেজের ছাত্র দ্বিতীয় বিভাগ

( ২য় পৃঃ দ্রঃ)

## বিএ পাসের হার

( ১ম পৃঃ পর )

লাভ করিতে পারে নাই। ৩৩টি কলেজের মাত্র একজন করিয়া ছাত্র দ্বিতীয় বিভাগ পাইয়াছে।

পটুয়াখালী সরকারী মহিলা কলেজ, গলাচিপা ডিগ্রী কলেজ, কলসকাঠি ডিগ্রী কলেজ, স্বরূপকাঠি কলেজ, উজিরপুর শেরেবাংলা কলেজ, চরফ্যাশন কলেজ, পাকুটিয়া বিসিআরসি কলেজ, মীর্জাপুর কলেজ, কটিয়াদী কলেজ, মোহনগঞ্জ কলেজ, ঢাকার সরকারী কবি নজরুল কলেজ, রামেরকান্দা কলেজ ও ঢাকার ফজলুল হক কলেজের ফলাফল শূন্য।

মঠবাড়িয়া কলেজের ৩৫ জন ছাত্রের মধ্যে ১জন তৃতীয় বিভাগে, বরিশাল কলেজের ৯১ জন ছাত্রের মধ্যে ১ জন দ্বিতীয় বিভাগে ও ২ জন তৃতীয় বিভাগে, বরিশাল সরকারী মহিলা কলেজের ৬১ জন ছাত্রীর মধ্যে মাত্র ২ জন তৃতীয় বিভাগে, চাখার কলেজের ১৪৩ জন ছাত্রের মধ্যে মাত্র ৫ জন তৃতীয় বিভাগে, ভাণ্ডারিয়া কলেজের ৩৯ জন ছাত্রের মধ্যে মাত্র ১জন তৃতীয় বিভাগে, ভুয়াপুর কলেজের ৭১ জনের মধ্যে মাত্র ১ জন তৃতীয় বিভাগে পাস করিয়াছে।

বি,এ, ও বি,এস সি সাবসিডিয়ারী পরীক্ষায় পাসের হার ৫৭ ভাগ। মোট ৩ হাজার ১শত ৭৭ জন পরীক্ষার্থীর মধ্যে ১ হাজার ৮ শত ১০ জন পাস করিয়াছে।